

কবিতা



কবিঃ মৃগান্ধ চ্যাটার্জী

email: himriganka@gmail.com

মনের ডায়রী

লিখব বলে বসেছি,
পাচ্ছি না ভেবে কিছু-
ভাবতে গেলেই শব্দ,
মনে আসে তোমারই মুখ শুধু।

ডায়রী লেখা দিয়েছি ছেড়ে,
যবে থেকে তুমি নেই সাথে-
তাই লিখে রাখছি মনের কথা,
এলোমেলো এই কবিতাতে।

আবার দেখা তোমার সঙ্গে,
ঘুরতে যাওয়া কোথাও দূরে-
কেটে গেলো বেশ সময়গুলো,
কিছু হাসি কিছু রাগের সুরে।

আশা

মানুষ যা চায়, সবসময় কি তা হয়-
ভাবে লোকে এক, আর কি যে হয়ে যায়,
আশা-তবু থাকে মনে, ছাড়া তা যায় না;
ভাবে তো মন আনেক কিছুই, পাব কি তা
আগে থেকে বোঝা যায় না।

মানুষ স্বপ্ন দেখে,
স্বপ্নের ডানা মেলে উড়ে কল্পনার আকাশে-
হারিয়ে সে যায় কভু ছলনা মেঘের আড়ালে,
সফলতার সূর্য উঠে কখনো কি তার জীবনে-
কখনো স্বপ্ন চাপা থেকে যায় মনের কোন কোণে।

ভাগ্যের হাতে ছেড়ে দিয়ে তাই
থেকোনা বসে ঘরে-
স্বপ্নের নৌকার হাল ধরো নিজের হাতে,
হাঁপিয়ে পড়োনা কোন ঝড়, কোন বাধাতে-
আশা ছাড়া তো বাঁচোনা মানুষ,
আশা রেখো তাই মনে-
হার-জিতেরই পরোয়া না করে,
এগিয়ে চলতে হবে জীবনো